# হারবিসল
শরবত আতফাল

**বিবরণ:** হারবিসল শিশুদের পেটফাঁপা দূর করে ও হজমশক্তি বৃদ্ধি করে। ইহা শিশুদের দৈহিক ওজন বৃদ্ধি করে। শিশুদের পরিপাকতন্ত্রের স্বাভাবিক কার্যকারিতা ফিরিয়ে আনে এবং ক্ষুধা বৃদ্ধি করে। ফলে শিশুদের স্বাভাবিক দৈহিক বৃদ্ধি ঘটে ও সুস্থ্যতা বজায় থাকে।

**উপাদান: প্রতি ৫ মি.লি হারবিসল সিরাপে রয়েছে নিম্নোক্ত ভেষজসমূহের নির্যাস**

| ক্রমিক নং | উপাদান | বৈজ্ঞানিক নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | আনিসুন বীজ | *Pimpinella anisum (Seed)* | ০.০০২ মি.লি |
| ২ | শুলফাবীজ | *Anithum sowa (Dill Oil)* | ০.০০২ মি.লি |
| ৩ | বড় এলাচ | *Amomum subulatum* | ০.০০২ মি.লি |
| ৪ | পুদিনা | *Mentha piperita* | ০.০০২ মি.লি |
| ৫ | আনিসুন তৈল | *Pimpinella anisum (Oil)* | ০.০০৩৫ মি.লি |
| ৬ | সত্তে জও | Barley straw (Dry Ext.) | ০.০৪ গ্রাম |

সূত্রঃ শরবত আতফাল,বা.জা.ই.ফ।

**হারবিসল সিরাপে ব্যবহৃত ভেষজসমূহের ঔষধি গুণাগুণ:**

১. **আনিসুন বীজ (পিমপিনেলা আনিসাম):** ইহার বীজ পচন নিবারক, খিঁচুনি নিবারক, সুগন্ধিকারক, বায়ু নিঃসারক, হজমকারক, শ্লেষ্মা নিঃসারক, হজম শক্তি বর্ধক ও বল বৃদ্ধি কারক। উদ্দীপক ও বায়ু নিঃসারক বৈশিষ্ট্য থাকার কারণে ইহা পেট ফাঁপা ও পেট ব্যথা দূর করে। পরিপাকতন্ত্রের অনিয়ম যেমন- অধিক বায়ু হওয়া, পেট ব্যথা, খিঁচুনি, বমিভাব এবং বদহজম দূর করে।

২. **শুলফাবীজ (আনিথাম সোয়া):** ইহার বীজ হজম শক্তি বর্ধক, বায়ুনিঃসারক, জ্বর নিবারক এবং ক্রিমি নাশক হিসাবে ব্যবহৃত হয়। খিঁচুনি নিবারক ভেষজের সাথে মিলে ইহা পেট ব্যথা দূর করে। ইহা বদ হজম, অধিক অম্লতা, পেট ফাঁপা, ঢেকুর ওঠা এবং বাচ্চাদের ও বয়স্কদের পেট ব্যথা দূর করে। ইহার ইসেনশিয়াল অয়েলে ব্যাকটেরিয়া বিরোধী বৈশিষ্ট্য আছে, যাহা অন্ত্রে ক্ষতিকর ব্যাকটেরিয়ার বৃদ্ধি প্রতিরোধ করে।

৩. **বড় এলাচ (এ্যামোমাম সুবুলেটাম):** ইহার বীজ হজম শক্তি বর্ধক, ক্ষুধা বর্ধক, বায়ু নাশক ও কষায় কারক। ইহা বদহজম, বমি, পিত্তাধিক্য, পেট ব্যথা, মূখে দুর্গন্ধ এবং পায়ু পথের রোগে ব্যবহৃত হয়।

৪. **পুদিনা (মেনথা পাইপেরিতা):** সমগ্র ভেষজটি বায়ুনিঃসারক, সুগন্ধিদায়ক, খিঁচুনি রোধক, পচন নিবারক ও হজম শক্তি বর্ধক। ইহাতে এমন কিছু উপাদান রয়েছে যা প্রদাহ হতে বাধা প্রদান করে ও পরিপাকতন্ত্রের গ্যাস নিঃসরণ করে। ঘাম বের করে, জ্বর নিবারণ করে। পাকস্থলির স্বাভাবিক ক্রিয়া ফিরিয়ে আনে এবং পাকস্থলিকে শক্তিশালি করে।

৫. **আনিসুন তেল (পিমপিনেলা আনিসাম ওয়েল):** আনিসুন তৈল কার্যকর এন্টিসেপটিক ও তাৎক্ষণিক আরামদায়ক।

৬. **সত্তে জও (বারলি স্ট্র):** ইহা পুষ্টিকর। বদহজম চিকিৎসায় ইহা ব্যবহৃত হয়।

**রোগ নির্দেশনা:** পেট ফাঁপা, বদহজম, ডায়রিয়া, পেট ব্যথা, অজীর্ণ ও শিশুদের দন্তোদগমকালিন উপসর্গ।

**সেবন মাত্রা: বয়স ৬ মাস পর্যন্ত:** আধা (১/২) চা চামচ করে প্রত্যহ ৩-৪ বার, **বয়স ৬-১২ মাস পর্যন্ত:** ১ চা চামচ করে প্রত্যেহ ৩-৪ বার, **বয়স ১ বছরের উপরে:** ১-২ চা চামচ করে প্রত্যেহ ৩-৪ বার অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** হারবিসল সিরাপে এ যাবৎ কোন পার্শ্বপ্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

**সরবরাহ রূপ:** অ্যাম্বার রঙের পেট বোতলে রয়েছে ১০০ মিলি ও ২০০ মিলি হারবিসল সিরাপ, একটি পরিমাপক কাপ/চামচ ও ড্রপার।

প্রস্তুতকারকঃ
**দি ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ
(ইউনানী বিভাগ), সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।

IBN SINA